

শিক্ষক-ছাত্রের দলবাজিতে কলেজ বিশ্ববিদ্যালয় ধ্বংস

— ওবায়দুল কাদের

■ নিজস্ব প্রতিবেদক, ফেনী
যোগাযোগমন্ত্রী ওবায়দুল কাদের
আক্ষেপ করে বলেন, শিক্ষকদের কাজ
শিক্ষকতা করা দলবাজি নয়, কিন্তু কিছু
শিক্ষকের দলবাজির কারণে দেশের
সরকারি বিশ্ববিদ্যালয়গুলো ধ্বংসের
দিকে যাচ্ছে। তিনি বলেন, শিক্ষক-
ছাত্রের দলবাজির কারণে শাহজালাল,
জাহাঙ্গীরনগরসহ বেশ কয়েকটি
বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা সৃষ্টি
হয়েছে। গতকাল সোমবার দুপুরে
ফেনী সরকারি কলেজে মাস্টার্স
কোর্সের উদ্বোধনকালে তিনি এসব
কথা বলেন। দুপুর দেড়টায় ফেনী
কলেজ অডিটোরিয়ামে আয়োজিত
উদ্বোধনী ও অভিভাবক সম্মেলনে
ওবায়দুল কাদের আরও বলেন,
'আমি কাজ করে খুশি হই। মন্ত্রী
হওয়ার পর থেকে আমি গুরু ও
শনিবার ছুটি কাটাইনি।

ফেনী সরকারি কলেজের অধ্যক্ষ
অধ্যাপক উৎপল কান্তি বৈদ্যের
সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন
জেলা প্রশাসক হুমায়ুন কবীর
খোন্দকার, পুলিশ সুপার পরিতোষ
ঘোষ, জেলা আওয়ামী লীগের
সভাপতি ও ফেনী সদর উপজেলা
চেয়ারম্যান আবদুর রহমান বিকম,
সাধারণ সম্পাদক ও ফেনী পৌরসভার
মেয়র নিজাম উদ্দিন হাজারী,
ফুলগাজী উপজেলা চেয়ারম্যান
একরামুল হক একরাম প্রমুখ।